বড়পর্দায় শ্যামৌপ্তি

নতুন বছরে দারুণ খবর অভিনেত্রী শ্যামৌপ্তি মুদলির! গত বছরের শেষে মুক্তি পেয়েছিল তাঁর অভিনীত প্রথম সিরিজ 'রঙ্কিনী ভবন'। এবার বড়পর্দায় অভিষেক হতে চলেছে তাঁর। শ্যামৌপ্তিকে দেখা যেতে চলেছে নন্দিতা রায় ও শিবপ্রসাদ মুখোপাধ্যায়ের আগামী ছবি 'ফুলপিসি ও এডওয়ার্ড'-এ।

ইতিমধ্যেই মহিষাদলে শুরু হয়েছে উইন্ডোজ প্রযোজিত ছবির শুটিং। রবিবারেই প্রথম কাজ শুরু হল এই ছবির। ছবিটি ঠিক কোন ঘরানার, তা এখনই খোলসা করতে চাননি পরিচালক জুটি। তবে জানিয়েছেন, ছবির মধ্যে যেমন রহস্য থাকবে, তেমনই থাকবে নাটকীয়তা। সব মিলিয়ে জমজমাট আর মনোগ্রাহী হবে চিত্রনাট্য। পোস্টার দেখেই বোঝা যায়, এই ছবিতে বিড়ালের একটি ভীষণ গুরুত্বপূর্ণ ভূমিকা থাকতে চলেছে। ছবির একটি পোস্টারে দেখা যাচ্ছে উলের বল-কাঁটার পাশাপাশি একটি আতশকাচ রাখা। আরেকটি পোস্টারে দেখা যাচ্ছে একটি বিরাটাকার রাজবাড়ির সামনে বসে এক সাদা রঙের বিড়াল।

শ্যামৌপ্তি ছাড়াও ছবিতে গুরুত্বপূর্ণ চরিত্রে অভিনয় করছেন সোহিনী সেনগুপ্ত, অর্জুন চক্রবর্তী, অনামিকা সাহা, রাইমা সেন, সাহেব চট্টোপাধ্যায়, রজতাভ দত্ত, অনন্যা চট্টোপাধ্যায়, কনীনিকা বন্দ্যোপাধ্যায়, ঋষভ বসু এবং সৌম্য মুখোপাধ্যায়। উল্লেখ্য, এই ছবির হাত ধরে বহুদিন পরে বড়পর্দায় ফিরছেন অভিনেতা অর্জুন চক্রবর্তী।

শ্যামৌপ্তি মুদলির

প্রসঙ্গত, চলতি বছরেই ২৫ বছর হতে চলেছে উইন্ডোজ প্রোডাকশন হাউজের। আর সেই উপলক্ষে দর্শককে দারুণ চমক দিতে চলেছে এই প্রযোজনা সংস্থা।

রে টিং সে টিং বাংলা সেরা কে

রাজরীত এবং বিদ্যার বিয়ের প্রোমো প্রকাশ্যে আসতেই চমক টিআরপি তালিকায়। বেঙ্গল টপার খেতাব ছিনিয়ে নিল স্বস্তিকা দত্তের ধারাবাহিক। তবে কি গদি হাতছাড়া 'পরশুরাম আজকের নায়ক' ধারাবাহিকের? সেরা ১০-এ রয়েছে কোন কোন মেগা? 'প্রোফেসর বিদ্যা ব্যানার্জি' মাত্র মাসখানেক হল পর্দায় এসেছে। শুরু থেকেই সেরা পাঁচে জায়গা করে নিলেও এবারই প্রথমবার প্রথম স্থানে। ৭.২ নম্বর পেয়ে। তবে বিদ্যা ব্যানার্জির জন্য মোটেই গদি হাতছাড়া হয়নি 'পরশুরাম আজকের নায়ক' ধারাবাহিকের। ইন্দ্রজিৎ বসু এবং তৃণা সাহার এই মেগা 'প্রোফেসর বিদ্যা ব্যানার্জি'র সঙ্গে যৌথভাবে প্রথম স্থানে রয়েছে। দ্বিতীয় স্থানে স্টার জলসার আরেক ধারাবাহিক 'রাঙামতি তীরন্দাজ'। প্রাপ্ত নম্বর ৭.১। তৃতীয় স্থানে রয়েছে 'ও মোর দরদিয়া'। অন্য রকমের এই প্রেমের গল্প ৬.৯ পেয়েছে এই সপ্তাহে। গত সপ্তাহের অন্যতম বেঙ্গল টপার 'পরিণীতা' সোজা এক থেকে চার নম্বরে নেমে এসেছে। ৬.৮ পেয়েছে নতুন বছরের প্রথম সপ্তাহের টিআরপিতে। পাঁচে রয়েছে জি বাংলার সদ্য শুরু হওয়া ধারাবাহিক 'তারে ধরি ধরি মনে করি'। প্রাপ্ত নম্বর ৬.৪। ছয় নম্বরে 'লক্ষ্মী ঝাঁপি'। পেয়েছে ৬.২। ৬.০ পেয়ে সাত নম্বর স্থান দখল করেছে 'জোয়ার ভাঁটা'। সেরা পাঁচ থেকে ছিটকে নম্বর কমতে কমতে বর্তমানে 'চিরদিনই তুমি যে আমার' অষ্টম স্থানে এসে দাঁড়িয়েছে। আর্য, অপর্ণার বিয়ের গল্পের পাশাপাশি রাজনন্দিনীর ট্র্যাক দেখিয়েও বাড়ছে না নম্বর। জিতু কামাল এবং শিরিন পাল অভিনীত এই ধারাবাহিক পেয়েছে ৫.৯। 'আমাদের দাদামণি' ৫.৮ নম্বর পেয়ে নবম স্থানে রয়েছে। দশ নম্বরে রয়েছে 'চিরসখা'। এক সময় সেরা পাঁচে থাকা এই ধারাবাহিকটিরও নম্বর ৫.৭, বেশ কমেছে।

কাটাকুটি খেলায় অমৃতা

থ্রিলারপ্রেমীদের জন্য দারুণ খবর। ক্লিক ওটিটি প্ল্যাটফর্মে আসতে চলেছে 'কাটাকুটি ২'। রাজা চন্দের পরিচালনায় ওয়েব সিরিজ 'কাটাকুটি' দর্শকের মনে বেশ জায়গা করে নিয়েছিল। এবার আসছে তারই দ্বিতীয় সিজন। এই মুহূর্তে জোরকদমে চলছে শুটিং। সম্প্রতি প্রকাশ্যে এসেছে সিরিজের প্রথম ঝলক।

একেবারে মনস্তাত্ত্বিক ঘরানার থ্রিলার 'কাটাকুটি ২'। সিরিজে দেখা যাবে, কীভাবে মানসিক আঘাত একজন মানুষকে ধীরে ধীরে ভয়ঙ্কর করে তোলে। উঠে আসবে বিচার ব্যবস্থার দুর্বলতা এবং একজন বাবার নিজের সম্মান ফেরানোর লড়াই।

সমীর মণ্ডল নামের এক ব্যক্তির জেল থেকে ছাড়া পাওয়া দিয়ে শুরু হয় গল্প। সাত বছর আগে এক ছাত্রী নন্দিনী গুপ্তকে খুনের অভিযোগে তাকে জেলে যেতে হয়। প্রমাণের অভাবে আদালত তাকে মুক্তি দিলেও সমাজ তাকে এখনও খুনি হিসেবেই দেখে। সমীরের ব্যক্তিগত জীবনও তছনছ হয়ে যায়। তার স্ত্রী সুষমা এখন সমীরেরই বন্ধু অশোকের স্ত্রী। মেয়ে তুলি অশোককেই নিজের বাবা বলে জানে।

সমীরকে নির্দোষ বলে বিশ্বাস করেন দুই সাংবাদিক রাকা ও টিনটিন। তাঁরা নিজেরাই তদন্তে নামেন। রহস্যের কিনারা কি করতে পারবেন তাঁরা? সব মিলিয়ে রহস্য, আবেগ আর ভয়- এই তিনের মিশেলে 'কাটাকুটি ২' অন্যতম চর্চিত সিরিজ হয়ে উঠতে পারে বলে আশা পরিচালক-প্রযোজকের।

পরিচালক আগেই পুরনো সিজনের মুখ বদলের আভাস দিয়েছিলেন। এই সিরিজে অভিনয় করছেন সুব্রত দত্ত, অমৃতা চট্টোপাধ্যায়, শাওন চক্রবর্তী, শুভ্রজিৎ দত্ত, শ্রীজা ভট্টাচার্য, পূষন দাশগুপ্ত, রানা বসু ঠাকুর, জয়তী চক্রবর্তী, আলকারিয়া হাশমী ও অলকনন্দা রায়। সিরিজের গল্প লিখেছেন রম্বাস, চিত্রনাট্য রুদ্রদীপ চন্দ। ক্যামেরার দায়িত্বে অনির।

অমৃতা চট্টোপাধ্যায়

শেষ গোপাল-এর যাত্রা

দ্রোণ ভট্টাচার্য

জি বাংলার ধারাবাহিক 'পরিণীতা' প্রতিদিনই যেন নতুন নতুন চমক নিয়ে আসছে দর্শকের জন্য। তাই টিআরপি তালিকাতেও নিজের জায়গা পাকা করেছে এই ধারাবাহিক। তবে এবার এই মেগার অনুরাগীদের জন্য এল বিরাট দুঃসংবাদ! টলিপাড়ার অন্দরের খবর, ধারাবাহিক থেকে বাদ পড়তে পারেন এক গুরুত্বপূর্ণ চরিত্র! তবে এই খবর এতক্ষণে আঁচ করতে পেরেছেন নেটিজেনরা। কারণ, ইতিমধ্যেই সমাজমাধ্যমে আবেগপ্রবণ পোস্ট করেছেন অভিনেতা সুব্রত গুহ রায়। তাঁকে দর্শক দেখছেন রায়ানের দাদুর চরিত্রে। সমাজমাধ্যমে অভিনেতা দ্রোণ ভট্টাচার্যের সঙ্গে একটি সাদাকালো ছবি পোস্ট করেছেন সুব্রত। দ্রোণকে পারুলের দাদা গোপালের চরিত্রে দেখছেন দর্শক। সুব্রত গুহ রায় লেখেন, 'গোপাল আর দাদুর এটাই শেষ ছবি...তবে জীবন তো থেমে থেকে না... দ্রোণকে ভুলবো কি করে... একসাথে মেকআপ রুমে যে গান গল্প আর দুষ্টুমি করেছি তাও ভুলবো কি করে... আবার দেখা হবে ভাই..আবার একসাথে কাজ করবো....জীবন চলতেই থাকবে... ভালো থাকিস ভাই....সৃষ্টিতে থাকিস.....' (পোস্টের বানান অপরিবর্তিত রাখা হল।) এই পোস্ট থেকেই অনেকে আঁচ করছেন, দ্রোণের চরিত্রটি বোধহয় শেষ হয়ে যাচ্ছে। চ্যানেলের পক্ষ থেকে তেমন ইঙ্গিত না মিললেও নেটিজেনদের অনুমানই সত্যি। শেষ হয়ে যাচ্ছে দ্রোণের চরিত্রটির মেয়াদ। গল্পে ইতিমধ্যেই দেখানো হয়েছে গোপালের অসুস্থতা। সূত্রের খবর, এই অসুস্থতাই মারাত্মক আকার ধারণ করবে। শেষরক্ষা আর হবে না। মারা যাবে গোপাল। কিন্তু তার স্ত্রী রুকুর কী হবে? গল্পে কি তবে অন্য ট্র্যাক আসছে? সেটা এখনও পর্যন্ত জানা যায়নি। তবে 'পরিণীতা'র সঙ্গে যে দ্রোণের যাত্রা এখানেই শেষ, সেই ইঙ্গিত মিলেছে।

খুব অল্পদিনেই গোপাল ও রুকুকে দর্শক ভালবাসা দিয়েছিলেন। তাদের মিষ্টি সম্পর্কের বন্ধন দেখে চোখ ফেরাতে পারতেন না দর্শক। কিন্তু হঠাৎ কেন গোপালকে এভাবে গল্প থেকে সরিয়ে দেওয়া হচ্ছে তা যদিও জানা যায়নি। এর আগে যদিও বহু ধারাবাহিকে গুরুত্বপূর্ণ চরিত্রের মৃত্যুর মাধ্যমেই গল্পের মোড় ঘোরানো হয়েছে। এবার 'পরিণীতা'র ক্ষেত্রেও সম্ভবত তেমনই ভাবনা চ্যানেলের।

নতুন চরিত্রে চান্দ্রেয়ী

এই মুহূর্তে দর্শক অভিনেত্রী চান্দ্রেয়ী ঘোষকে দেখছেন স্টার জলসার ধারাবাহিক 'রাঙামতি তীরন্দাজ'-এ। শুরু থেকেই দর্শকের ভালবাসা পেয়েছে এই মেগা। তাই টিআরপি তালিকায় প্রতি সপ্তাহে দারুণ ফল করে এই ধারাবাহিক। তবে সূত্রের খবর, অন্য চ্যানেলের এক ধারাবাহিকে নতুন চরিত্রে দেখা যেতে চলেছে চান্দ্রেয়ীকে। তবে কি 'রাঙামতি'তে আর দেখা যাবে না অভিনেত্রীকে? এখনও পর্যন্ত সে খবর জানা যায়নি। গল্পের ট্র্যাক অনুযায়ী 'রাঙামতি'তে গুরুত্বপূর্ণ চরিত্রেই আছেন অভিনেত্রী। তবে একসঙ্গে দু'টি মেগাতেও দেখা যেতে পারে তাঁকে। আগামীতে চান্দ্রেয়ীকে দেখা যেতে চলেছে জি বাংলার নতুন ধারাবাহিকে। তাতে মুখ্য চরিত্রে অভিনয় করার কথা রাহুল মজুমদারের।

কিছুদিন আগে হঠাৎ শেষ করে দেওয়া হয় স্টার জলসার জনপ্রিয় ধারাবাহিক 'অনুরাগের ছোঁয়া'। এই ধারাবাহিকেই মাত্র কয়েক মাস আগে 'আদিত্য' রূপে নতুন যাত্রা শুরু করেন রাহুল। দর্শকদের ভালবাসায় মাত্র কয়েক দিনের মধ্যেই তাঁর চরিত্রটি জনপ্রিয় হয়ে ওঠে। তবে আচমকা ধারাবাহিকটি শেষ হয়ে যাওয়ায় মন খারাপ হয়েছিল অভিনেতার অনুরাগীদের। আজকাল টেলিভিশন আগেই জানিয়েছিল, নতুন বছরে নতুন রূপে রাহুলকে জি বাংলার একটি নতুন ধারাবাহিকে দেখতে পাবেন দর্শক। এখন অন্তত তেমনটাই শোনা যাচ্ছে। স্টার জলসার পরে এবার জি বাংলার নায়ক হয়ে ফিরছেন তিনি। শোনা যাচ্ছে, এই ধারাবাহিকের রাহুলকে দেখা যেতে চলেছে একদম নতুন লুকে। এর আগে দর্শকেরা তেমন ভাবে দেখেননি এই অভিনেতাকে। একটি নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলের চরিত্রে অভিনয় করবেন রাহুল। সেই কারণেই তাঁর লুক হতে চলেছে সম্পূর্ণ অন্য রকম। বিশেষ করে 'অনুরাগের ছোঁয়া' ধারাবাহিকে যেমন ভাবে দর্শকেরা রাহুলকে দেখেছেন, ঠিক তাঁর বিপরীত রূপে দেখতে পাবেন তাঁকে। এদিকে, ইঞ্জিনিয়ারিংয়ের বই ফেলে এবার লাইট-ক্যামেরা-অ্যাকশনের দুনিয়ায় আসছেন সম্পূর্ণা রক্ষিত। রাহুলের নায়িকা হিসেবে দেখা যাবে তাঁকে। ধারাবাহিকের জগতে নতুন মুখ। এই মেগার গল্পে কেবল প্রেম নয়, পটভূমিতে থাকছে 'রাজনীতি'। টলিপাড়ার অন্দরের খবর, সম্পূর্ণাকে দেখা যাবে এক রাজনৈতিক নেতার মেয়ের চরিত্রে। এখনও নাম চূড়ান্ত হয়নি ধারাবাহিকের। তবে কিছুদিনের মধ্যেই শুরু হবে শুটিং। আর কয়েক মাসের মধ্যেই এই ধারাবাহিক জি বাংলার পর্দায় দেখতে পাবেন দর্শক।

চান্দ্রেয়ী ঘোষ

ব্যোমকেশ হয়ে ফিরছেন গৌরব

গৌরব চক্রবর্তী

'রহস্যের গন্ধ পাচ্ছেন? ব্যোমকেশ ফিরছে, নতুন ছন্দে, নতুন রহস্য নিয়ে'। বছরের প্রথমদিনে এল বড় ঘোষণা। ২০২৬-এ 'ব্যোমকেশ বক্সী' হয়ে ফিরছেন অভিনেতা গৌরব চক্রবর্তী। পরিচালনায় অরিত্র সেন। ওটিটি প্ল্যাটফর্ম আড্ডা টাইমস-এ আসছে 'ব্যোমকেশ বক্সী' সিরিজ। প্রায় ১২ বছর আগে টেলিভিশনের পর্দায় 'ব্যোমকেশ' হয়ে ধরা দিয়েছিলেন গৌরব। এক যুগ পেরিয়ে এবার ওটিটির পর্দায় এই চরিত্রকে ফুটিয়ে তুলবেন তিনি।

১ জানুয়ারি মুক্তি পেল এই সিরিজের মোশন পোস্টার। শহরের রাস্তায় মুখে জ্বলন্ত সিগারেট নিয়ে 'ব্যোমকেশ' রূপে ধরা দিলেন গৌরব। চেনা চরিত্রে এত বছর পর ফেরা, আজকাল টেলিভিশনকে গৌরব জানান, তাঁর কাছে এটা চ্যালেঞ্জিং! অভিনেতার কথায়, "এত বছর পরে ব্যোমকেশের চরিত্রে ফেরাটা আমার সাহসের পরিচয় বলা যেতে পারে। মাঝে এতজন এই চরিত্রে অভিনয় করেছেন। তার পরে আমায় গ্রহণ করবেন কিনা দর্শক, সেই নিয়ে চিন্তায় ছিলাম। কিন্তু অরিত্র এত সুন্দর করে ব্রিফ করল যে রাজি হলাম।" গৌরব আরও বলেন, "আসলে এই চরিত্রটা আমার খুব কাছের। যে সময়ে টেলিভিশনে ব্যোমকেশ করতাম, তখন বয়স অনেক কম ছিল। এখন আমার বয়সের সঙ্গে এই চরিত্রটা বেশ মানানসই বলে মনে হল। তাই নতুন বছরে নিজেকে নতুনভাবে প্রস্তুত করতে চলেছি।"

সূত্রের খবর, টেলিভিশনের পর্দায় দর্শক গৌরবের বিপরীতে দেখেছিলেন ঋদ্ধিমা ঘোষকে। তবে এবার 'সত্যবতী'র চরিত্রে দেখা যেতে চলেছে অভিনেত্রী শ্রুতি দাসকে। অন্যদিকে, 'অজিত'-এর ভূমিকায় থাকবেন অভিনেতা অর্ণ মুখোপাধ্যায়। এখন চলছে চিত্রনাট্য ঘষামাজার কাজ। চলতি বছরেই শুটিং শুরু হবে এই সিরিজের। জানা যাচ্ছে, বছরের মাঝামাঝি আড্ডা টাইমসে মুক্তি পাবে গৌরবের 'ব্যোমকেশ'।

প্রসঙ্গত, এর আগে বড়পর্দা থেকে ওটিটিতে দর্শক 'ব্যোমকেশ'-এর চরিত্রে দেখেছেন দেব, যিশু সেনগুপ্ত, আবির চট্টোপাধ্যায়, অনির্বাণ ভট্টাচার্যের মতো অভিনেতাকে। টেলিভিশনের পর্দায় যখন গৌরবকে এই চরিত্রে দেখতেন দর্শক, তখন দারুণ জনপ্রিয়তা পেয়েছিলেন অভিনেতা। এমনকী গৌরব ও ঋদ্ধিমার জুটিকেও ভালবাসায় ভরিয়েছিলেন অনুরাগীরা। টেলিভিশনের পরে যদিও রেডিওতে 'ব্যোমকেশ'-এর চরিত্র ধরা দিয়েছিলেন গৌরব। এবার ওটিটির পর্দায় এই কালজয়ী চরিত্রে নতুনভাবে নিজেকে তুলে ধরতে প্রস্তুত তিনি।

তথ্য সঙ্কলন: শ্যামশ্রী সাহা, স্নিগ্ধা দে

বাঁক অফ বড়ৌদা Bank of Baroda

আরওএসএআরবি কেএমআর
৪, ব্র্যাবোর্ন রোড, কলকাতা-৭০০০০১
ই-মেল: SARKOL@bankofbaroda.com

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

অ্যানেক্সার 'এ'
স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি;
পরিশিষ্ট IV-A [রুল ৮(৬) ও/বা ৯(১)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) ও/বা ৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা বিশেষত নিম্নলিখিত ঋণগ্রহীতা(গণ), বন্ধকদাতা(গণ) ও জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, নিম্নলিখিত অ্যাকাউন্টের পরিপ্রেক্ষিতে এই ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ এবং ব্যাঙ্ক অফ বরোদা, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা দখল নেওয়া নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি **'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে'** ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/ জামিনদার/ সুরক্ষিত পরিসম্পদ/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য (বিড গুণক) ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

ক্রম / লট নং	ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর নাম ও ঠিকানা	জানা দায় (যদি থাকে) সমেত স্থাবর সম্পত্তির বিশদ বিবরণ	মোট বকেয়া	ই-নিলামের তারিখ ও সময়	সংরক্ষণ মূল্য / ইএমডি অর্থাঙ্ক / বিড বাড়ানোর মূল্য	দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক)	সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময়
১	**মেসার্স ব্যানার্জি কোং প্রোপ্রাইটর: প্রয়াত বাদল ব্যানার্জি** ঠিকানা: ২৩/২৪, রাধাবাজার স্ট্রিট, কলকাতা-৭০০০০১ **মিঃ বিবেকানন্দ ব্যানার্জি** ১ নং ঠিকানা: ৮১, ভোলানাথ দাস রোড, লালবাগান, চন্দননগর, হুগলি-৭১২১৩৬ ২ নং ঠিকানা: ২৩/২৪, রাধাবাজার স্ট্রিট, কলকাতা-৭০০০০১	দোতলা বাড়ি সমেত সামান্য কমবেশি ১ কাঠা ১০ ছটাক ২৪ বর্গফুট জমির অপরিহার্য সমগ্র পরিমাণের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: লালবাগান, মৌজা- চন্দননগর, হোল্ডিং নং ১৪, খতিয়ান নং ১১৩, দাগ নং ২২৬, জে এল নং ১, থানা- চন্দননগর, জেলা- হুগলি, চন্দননগর পুরনিগমের এলাকাধীন, ১৯৮২ সালের দলিল নং I-৩৪৯ অনুযায়ী সম্পত্তির মালিকানা শ্রী বাদল ব্যানার্জির নামে। **সম্পত্তিটি এরূপে চৌহদ্দি পরিবেষ্টিত: উত্তর-** শান্তিবালা সেনের জমির প্লট; **দক্ষিণ-** শান্তিবালা সেনের জমির প্লট; **পূর্ব-** অন্যের জমির প্লট; **পশ্চিম-** পুরসভার রাস্তা। **স্বত্বাধিকারী: প্রয়াত বাদল ব্যানার্জির আইনি উত্তরাধিকারীগণ দায়: জানা নেই (আমাদের ব্যাঙ্কের দায় বাদে)**	₹৬২,৪৪,৫০২.৩২ (২৮.০৩.২০১৯ অনুযায়ী) + উদ্ভূত সুদ, মাশুল ও চার্জ	৩০.০১.২০২৬ সময়: দুপুর ২টো থেকে সন্ধে ৬টা	₹২৬,৪৫,০০০/- / ₹২,৬৪,৫০০/- / ₹১০,০০০/-	বাস্তবিক	যে কোনও কাজের দিনে অফিস চলার মেয়াদে (আগাম যোগাযোগ করে আসবেন)

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.bankofbaroda.bank.in/e-auction.htm** এবং অনলাইন নিলাম পোর্টাল **https://baanknet.com** ওয়েবসাইটে দেওয়া লিঙ্ক দেখুন। সম্ভাব্য বিডাররা দরকারে অনুমোদিত আধিকারিকের সঙ্গে এই ফোন নম্বরে যোগাযোগ করতে পারেন: ৮৩৩৫০০৫০৬৬।

তারিখ: ০৬.০১.২০২৬
স্থান: কলকাতা

বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য

অনুমোদিত আধিকারিক
ব্যাঙ্ক অফ বরোদা

TATA

টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড

রেজিস্টার্ড ঠিকানা: ফ্লোর নং ১১, টাওয়ার 'এ', পেনিনসুলা বিজনেস পার্ক, গণপতরাও কদম মার্গ, লোয়ার পরেল, মুম্বই- ৪০০০১৩
শাখার ঠিকানা: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬

স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৯(১)-সহ পঠনীয় রুল ৮(৬) অধীনে]

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর রুল ৮(৬) ও রুল ৯(১)-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত নিম্নোক্ত ঋণগ্রহীতা এবং/সহ-ঋণগ্রহীতা বা তাঁদের আইনি উত্তরাধিকারীগণ/ প্রতিনিধিগণ ('ঋণগ্রহীতাগণ')-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, **টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড (টিসিএইচএফএল)**-এর কাছে বন্ধক রাখা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, যা টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিক দখল নিয়েছেন, তা নিম্নোক্ত ঋণগ্রহীতা ও সহ-ঋণগ্রহীতাগণের থেকে নীচে লেখা অনাদায়ী বকেয়া পুনরুদ্ধারের জন্য **'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে ২২.০১.২০২৬ তারিখে** বিক্রি করা হবে। সম্পত্তিগুলির সংরক্ষণ মূল্য এবং বায়না জমা (ইএমডি) এখানে নীচে উল্লেখ করা হয়েছে। এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই বিক্রি স্থগিত রাখা/ বন্ধ করা না-হলে নিম্নবর্ণিত সম্পত্তি **২২.০১.২০২৬ তারিখে দুপুর ২টোয়** ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে। ই-নিলামে অংশগ্রহণের জন্য নির্ধারিত ইএমডি অর্থাঙ্ক বাবদ ডিমান্ড ড্রাফ্ট সমেত দরপ্রস্তাব খামে ভরে মুখবন্ধ অবস্থায় সর্বশেষ **২১.০১.২০২৬ বিকেল ৫টার মধ্যে টিসিএইচএফএল-এর অনুমোদিত আধিকারিকের কাছে শাখার এই ঠিকানায় জমা দিতে হবে: টাটা ক্যাপিটাল হাউজিং ফিনান্স লিমিটেড, অবনী সিগনেচার, ৯১/এ/১, পার্ক স্ট্রিট, ব্লক নং ৩০২, ফ্লোর নং ৩, কলকাতা- ৭০০০১৬।**

সুরক্ষিত পরিসম্পদ/স্থাবর সম্পত্তির বিক্রি 'যেখানে যেমন আছে', 'যেভাবে আছে' এবং 'যা কিছু আছে' ভিত্তিতে আয়োজিত হবে যেগুলির তথ্য এখানে নীচে সংক্ষেপে উল্লেখ করা হয়েছে:

ক্রম নং	লোন অ্যাকাউন্ট নম্বর	ঋণগ্রহীতা(গণ)/ সহ-ঋণগ্রহীতা(গণ)/ আইনি উত্তরাধিকারী(গণ)/ আইনি প্রতিনিধি(গণ)/ জামিনদার(গণ)-এর নাম	দাবি বিজ্ঞপ্তি অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	সংরক্ষণ মূল্য	নির্দিষ্ট তারিখের ভিত্তিতে অনাদায়ী বকেয়া
১	**TCHHL05000 00100072544 এবং 9734090 এবং 10680787**	**মিঃ অশেষ দুবে, পিতা- মিঃ বিবেকানন্দ দুবে মিসেস পারমিতা দুবে, স্বামী- মিঃ অশেষ দুবে**	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000000100072544-এর প্রেক্ষিতে **₹১২,০৭,৪৭২.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয়; লোন অ্যাকাউন্ট নং 9734090-এর প্রেক্ষিতে **₹৩,৪২,৬৬৫.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 10680787-এর প্রেক্ষিতে **₹১,৬৮,১৮৮.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া **₹১৭,১৮,৩২৫.০০ এবং ০৫.০২.২০২৫**	**₹১৩,৯৫,০০০.০০ / জামানত (ইএমডি): ₹১,৩৯,৫০০.০০ / দখলের প্রকৃতি: বাস্তবিক**	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000000100072544-এর প্রেক্ষিতে **₹১৩,৭২,৯৬৩.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয়; লোন অ্যাকাউন্ট নং 9734090-এর প্রেক্ষিতে **₹২,০৬,৩০৬.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 10680787-এর প্রেক্ষিতে **₹৪,০০,৯৭৮.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া **₹১৯,৮০,২৪৭.০০ এবং ২৭.১২.২০২৫**
স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ১৫ কাঠা ৬ ছটাক ২৩.৫০ বর্গফুট মাপের জমিতে নির্মিত 'মনোরঞ্জন অ্যাপার্টমেন্ট' নামে পরিচিত বহুতল বিল্ডিংয়ের 'সি' ব্লকে ৩ নং ফ্লোরে সামান্য কমবেশি ৫৭৬.২৫ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট আবাসিক ফ্ল্যাট নং সি১-এর অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: অংশ বিশেষে সি এস খতিয়ান নং ৬৪, সি এস/ আর এস দাগ নং ১০৮০ ও ১০৭৯, আর এস খতিয়ান নং ১২০৪ ও ১২০৫, মৌজা- নোয়াপাড়া, জে এল নং ৮৩, রে সা নং ১৩৭, সি এস খতিয়ান নং ৬৪, থানা- বারাসত, জেলা- উত্তর ২৪ পরগনা, বর্তমানে মিউনিসিপ্যাল হোল্ডিং নং ৮৮১, প্রতাপাদিত্য রোড রূপে চিহ্নিত ও পরিচিত, বারাসত পুরসভার ৩ নং ওয়ার্ডের এলাকাধীন।				
২	**TCHHL05000 00100088708 এবং 99825666**	**মিঃ অশোক দাস, মিসেস রূপালি দাস**	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000000100088708-এর প্রেক্ষিতে **₹২৫,৬৪,৪৮০.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 99825666-এর প্রেক্ষিতে **₹১,০০,৭৭৯.১৭** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া **₹২৬,৬৫,২৫৯.১৭ এবং ২৩.০৩.২০২৩**	**₹১৪,০০,০০০.০০ / জামানত (ইএমডি): ₹১,৪০,০০০.০০ / দখলের প্রকৃতি: বাস্তবিক**	লোন অ্যাকাউন্ট নম্বর TCHHL05000000100088708-এর প্রেক্ষিতে **₹৩৬,০২,৭৫৬.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় এবং লোন অ্যাকাউন্ট নং 99825666-এর প্রেক্ষিতে **₹১,৯৭,৬১৮.০০** বকেয়া ও আপনাদের তরফে প্রদেয় অর্থাৎ, সর্বমোট বকেয়া **₹৩৮,০০,৩৭৪.০০ এবং ২৭.১২.২০২৫**
স্থাবর সম্পত্তির বিবরণ: সামান্য কমবেশি ১০ কাঠা বা ৭.৪২ ডেসিমেল বাস্তু জমির অবিভক্ত অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ ও স্বার্থ ভোগদখলের সমানাধিকার সমেত এই জমিতে নির্মিত বহুতল বিল্ডিংয়ের তৃতীয় তল বা ২ নং ফ্লোরে দক্ষিণ দিক অভিমুখী টাইলের মেঝে দেওয়া ২ (দুটি) বেডরুম, ১ (একটি) ডিভিং/ ডাইনিং রুম, বাথ, কিচেন, বারান্দা, টয়লেট কাম প্রিভি নিয়ে গঠিত ও সাম